

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৬০০

৪৪/ সাহাবাগণের মর্যাদা (كتاب فضائل الصحابة)

পরিচ্ছেদঃ ৪৪/২২. আবদুল্লাহ বিন মাসউদ (রাঃ) ও তাঁর মায়ের মর্যাদা।

من فضائل عبد الله بن مسعود وأمه رضي الله تعالى عنهم

আরবী

حدیث عَبْدِ اللَّهِ بْنِ عَمْرُو عَنْ مَسْرُوقٍ، قَالَ: ذُكِرَ عَبْدُ اللَّهِ عِنْدَ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرُو،
فَقَالَ: ذَاكَ رَجُلٌ لَا أَزَالُ أُحِبُّهُ بَعْدَ مَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:
اسْتَقْرِئُوا الْقُرْآنَ مِنْ أَرْبَعَةِ: مِنْ عَبْدِ اللَّهِ مَسْعُودٍ (فَبَدَأَ بِهِ)، وَسَالِمٍ مَوْلَى أَبِي حُذَيْفَةَ،
وَأَبِي بْنِ كَعْبٍ، وَمُعاذِ بْنِ جَبَلٍ

বাংলা

১৬০০. মাসরুক (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ ইবনু আমর (রাঃ)-এর মজলিসে 'আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ)-এর আলোচনা হলে তিনি বললেন, আমি এই লোককে ঐদিন হতে অত্যন্ত ভালবাসি যেদিন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তোমরা চার ব্যক্তি হতে কুরআন শিক্ষা কর, আবদুল্লাহ ইবনু মাসউদ- সর্বপ্রথম তার নাম বললেন- আবু হৃষাইফাত (রাঃ)-এর মুক্ত গোলাম সালিম, উবাই ইবনু কাব (রাঃ) ও মুআয ইবনু জাবাল (রাঃ) থেকে। উবাই (রাঃ) ও মুআয (রাঃ) এ দু'জনের কার নাম আগে বলেছিলেন সেটুকু আমার স্মরণ নেই।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৬২ সাহাবাগণের মর্যাদা, অধ্যায় ২৬, হাঃ ৩৭৫৮; মুসলিম, পর্ব ৪৪ : সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ২২, হাঃ ২৪৬৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওয়াইদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মাসরুক (রহঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84828>

ও হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন